

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

## আজকের জেএসসি ও জেডিসি পরীক্ষা আগামী শুক্রবার

প্রকাশ | ০৪ নভেম্বর ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

আজ রবিবারের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেটের (জেডিসি) পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত এ পরীক্ষা আগামী ৯ নভেম্বর শুক্রবার সকাল ৯টায় অনুষ্ঠিত হবে।

আজ জেএসসির ইংরেজি এবং জেডিসির আরবি দ্বিতীয়পত্রের পরীক্ষা হওয়ার কথা ছিল। তবে শিক্ষা মন্ত্রণালয় ‘অনিবার্য কারণ’ উল্লেখ করে এ পরীক্ষা স্থগিত করে।

পরীক্ষা স্থগিতের বিষয়ে জানতে চাইলে আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক আমাদের সময়কে বলেন, টেকনিক্যাল কারণে রবিবারের পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ পরীক্ষা ৯ নভেম্বর সকাল ৯টায় অনুষ্ঠিত হবে।

তবে এ বিষয়ে বিবিসি বাংলায় এক সাক্ষাৎকারে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, আজ কওমি মাদ্রাসার একটি বৃহৎ কর্মসূচি রয়েছে রাজধানীতে। শিক্ষার্থীদের নির্বিঘ্নে পরীক্ষা কেন্দ্রে যাতায়াতে অসুবিধার কথা চিন্তা করে পরীক্ষা পেছানোর সিদ্ধান্ত নেওয়া হয়। কেন কর্মসূচি পেছানো গেল না এ প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, তারা কর্মসূচি ঘোষণার আগে আমাদের কাছে আসেনি।

দেশের সাধারণ শিক্ষা বোর্ডগুলোর অধীন জেএসসি এবং মাদ্রাসা বোর্ডের জেডিসি পরীক্ষা শুরু হয়েছে গত বৃহস্পতিবার। এ দুটি পরীক্ষায় সারাদেশে ২ হাজার ৯০৩টি কেন্দ্রে ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ শিক্ষার্থী অংশ নিচ্ছে। আগামী ১৫ নভেম্বর পর্যন্ত পরীক্ষা চলবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি